



**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 23 June 2026**

**TIME: 7:35 AM**

---

---

আসামের বানিজ্য , বিনিয়োগ , পর্যটন ও আন্তর্জাতিক সম্পর্ককে নতুন গতি প্রদান করতে গৌহাটী থেকে দুবাই ও আবুধাবি পর্যন্ত আগামী চৌঠা আগষ্ট থেকে সরাসরি বিমান পরিসেবা আৰম্ভ হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শৰ্মা সামাজিক মাধ্যমে জানিয়েছেন । মুখ্যমন্ত্রী ড: শৰ্মা আরো জানান যে আগামীতে ভিয়েতনাম পর্যন্ত গৌহাটী থেকে সরাসরি বিমানসেবা আৰম্ভ করা হবে । গৌহাটীকে দক্ষিণ পূৰ্ব এশিয়াৰ বিমান যাতায়াতের কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

---

রাজ্যের প্রায় ৫০ লক্ষ কৃষক পরিবারকে পঞ্জীয়নের আওতায় আনতে হবে । কৃষকরা যাতে সহজে পঞ্জীয়ন সম্পূর্ণ করতে পারেন সেজন্য জেলা প্রশাসনকে সব ধরনের সহযোগিতা করতে হবে । রাজ্যের কৃষি মন্ত্রী পীযুষ হাজারিকা গতকাল ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে দিশপুর জনতা ভবন থেকে রাজ্যের বিভিন্ন জেলার আয়ুক্ত ও জেলা কৃষি আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করে একথা বলেন । এই বৈঠকে কৃষি বিভাগের অধীনে রূপায়িত হতে যাওয়া বন অধিকার আইনের পাট্টাধারীদের ডিজিটেলাইজেশন , কৃষকের পঞ্জীয়ন , পরিচয় পত্র প্রস্তুত , এগ্রিষ্ট্রেকের মাধ্যমে নূন্যতম সমর্থন মূল্যের অধীনে ধান ক্রয় ব্যবস্থা সহ বেশকিছু গুরুত্বপূর্ণ কার্যসূচীর অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয় ।

---

বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া খানাপারার প্রশাসনিক মহাবিদ্যালয়ে বন বিভাগের আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে মন্ত্রী বলেন যে তিন বছর কার্যকালের পর বন বিভাগের সব আধিকারিক কর্মচারীকে বদলি করা হবে । নিজেদের পছন্দ অনুযায়ী সংমন্ডল , রেঞ্জ , বীট কার্যালয়ে বছর বছর থেকে আধিকারিকরা নিয়োজিত হয়ে থাকতে পারবেননা বলে তিনি মন্তব্য করেন । অর্থের

বিনিময়ে বদলি বা নিযুক্তির অভিযোগ পেলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি সতর্ক করে দিয়েছেন ।

বাইট ( জয়ন্ত মল্ল বরুয়া )

বদলির বিনিময়ে কোনো আধিকারিক বা কর্মচারীরা অর্থ চাইলে হোয়াটস আপে মন্ত্রীকে অভিযোগ করতে তিনি আহ্বান জানান ।

---

---

শিশুদের সুস্থ ও নিরাপদ ভবিষৎ সুনিশ্চিত করতে স্বাস্থ্য পরিকাঠামোকে আরো শক্তিশালী ও উন্নত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের আয়ুক্ত ও সচিব ড.পি অশোক বাবু এবং জাতীয় স্বাস্থ্য অভিযান আসামের মিশন সঞ্চালক ড. এস লক্ষ্মনন গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ নিয়েছেন । বৈঠকে কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার শিশু স্বাস্থ্য পরিষেবার বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

---

আসাম ৰাজ্য বিদ্যালয় শিক্ষা পৰষদ পৰিচালিত মাধ্যমিক কম্পাৰ্টমেন্টাল পৰীক্ষাৰ ফলাফল আজ সকাল ১১ টায় ঘোষণা কৰবে । শিক্ষামন্ত্ৰী ডাঃৰগোজ পেগু সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । ছাত্ৰ ছাত্ৰীৰা আসাম ৰাজ্য বিদ্যালয় শিক্ষা পৰষদেৰ ওয়েবসাইট সেৱা অনলাইন ডট ও আৰ জি -তে লগ ইন কৰে ফলাফল জানতে পাৰবে এবং মাৰ্কশিট ডাউনলোড কৰতে পাৰবে । উল্লেখ্য এবাৰেৰ কম্পাৰ্টমেন্টাল পৰীক্ষায় ৬৪ হাজাৰ ৫০ জন পৰীক্ষাৰ্থী পৰীক্ষায় বসেছিল ।

---

---

শক্তিপীঠ কামাখ্যা ধামে গতকাল ৰাত থেকে অম্বুবাচী মেলা শুরু হছে । দেৱালয় কৰ্তৃপক্ষ জানিয়েছেন যে প্ৰতিবছৰেৰ মতো এবাৰও অম্বুবাচী মেলা উপলক্ষ্যে দেশ বিদেশ সহ ৰাজ্যেৰ বিভিন্ন স্থান থেকে সাধু-সন্ন্যাসী তথা ভক্তপ্ৰাণ জনসাধাৰণেৰ সমাগত পৰিলক্ষিত হছে ।

গতকাল ৰাত ৯ টা বেজে ৮ মিনিট ৪২ সেকেণ্ডে অম্বুবাচীৰ প্ৰবৃত্তি হয় এবং প্ৰবৃত্তিৰ সঙ্গে সঙ্গে কামাখ্যা মন্দিৰেৰ দ্বাৰ ভক্তদেৰ জন্য বন্ধ কৰে দেওয়া হয় । ২৩ , ২৪ ও ২৫ শে জুন কামাখ্যা মন্দিৰেৰ দ্বাৰ সম্পূৰ্ণভাবে বন্ধ থাকবে । আগামী ২৬শে জুন সকালে অম্বুবাচীৰ নিবৃত্তিৰ পৰ মন্দিৰেৰ দ্বাৰ পুনৰায় ভক্তদেৰ জন্য খুলে দেওয়া হবে ।

---

লক্ষীপুর রাজারগ্রামের প্রবীন নাগরিক তথা বিশিষ্ট সমাজসেবী এ বাবাতোষী সিংহ আজ নিজ বাসভবনে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। বয়স হয়েছিল ৮৮। লক্ষীপুরের সিনিয়র সিটিজেনস ফোরামের পক্ষ থেকে বাবাতোষী সিংহের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

---

---